[redacted]

[redacted]

ব্রিটিশ গণমাধ্যমগুলোর প্রতিবেদন অনুযায়ী, দুই পক্ষের মধ্যে আলোচনা প্রায় চূড়ান্ত। শেফিল্ড খুব করে চাচ্ছে হামজাকে।

সূত্র: যুগান্তর

মেহেরপুরে আন্ত: ইউনিয়ন ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন

“এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই” এই প্রতিপাদ্যে তারুণ্যর উৎসব নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে মেহেরপুর সদর উপজেলা পর্যায়ে আন্তঃ ইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

বুধবার (১৫ই জানুয়ারি) দুপুর দুইটার দিকে মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের আয়োজনে জেলা স্টেডিয়াম এই ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মোঃ রনি আলম নূর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা সহকারী কমিশনার ভূমি অফিসার গাজী মূয়ীদুর রহমান, সদর থানার অফিসার ইনচার্জ শেখ মেজবাহ উদ্দিন, পি.আই.ও সাইদুর রহমান, সমাজসেবা অফিসার আছিসুর রহমান, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার মোঃ ররিকুল ইসলাম, আমদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান টোকন, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, বৈষম্য ছাত্র আন্দোলনের আহবায়ক ইমতিয়াজ আহমেদসহ বিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

দল না পেয়ে পিএসএলকে বয়কট পাকিস্তানি পেসারের

বয়স সবে ২২ বছর। ক্যারিয়ার গড়ার গুরুত্বপূর্ণ এক সময়। কিন্তু দুর্দান্ত কিছু করে ক্যারিয়ার গড়ার বিপরীতে উল্টো অবসরের ঘোষণা দিলেন ইহসানউল্লাহ। এমনটা অবশ্য সেচ্ছায় নেননি তিনি।

আর অবসরও পুরো ক্রিকেট থেকে নয়, একটা টুর্নামেন্ট থেকে।
সেই টুর্নামেন্ট হচ্ছে পাকিস্তান সুপার লিগ (পিএসএল)। রাগে-ক্ষোভে পিএসএলকে বয়কট করার ঘোষণা দিয়েছেন ইহসানউল্লাহ। এই রাগ-ক্ষোভের পেছনে কারণ এবারের পিএসএলে দল না পাওয়া।

পিএসএলকে বয়কট করার বিষয়ে ইহসানউল্লাহ বলেছেন, ‘পিএসএলকে বয়কট করছি, অবসর নিচ্ছি। আর কোনো দিন পিএসএলে খেলতে দেখবেন না। পুরোপুরি এটা বয়কট করছি, অবসর নিচ্ছি। ঘরোয়া ক্রিকেটে পারফরম করে পাকিস্তানের প্রতিনিধিত্ব করতে চাই, পিএসএল খেলে না।

কঠিন সময়ে তার সঙ্গে কোনো ফ্র্যাঞ্চাইজি যোগাযোগ করেনি বলে জানান ইহসান। ঘরোয়া ক্রিকেটে ভালো বোলিং করে তাদের দেখিয়ে দেওয়ার কথা জানিয়ে এই পেসার বলেছেন, ‘আমার সঙ্গে কেউ যোগাযোগ করেনি। যখন কেউ অন্য কাউকে পায়, তখন তারা তার সঙ্গে থাকে। ১৫০-১৬০ কিলোমিটার গতিতে বোলিং করব। আর যারা বলেছে ১৩০-১৩৫ কি.মির গতির বোলার, এক দেড় মাসের মধ্যে তাদের দেখিয়ে দেব ওই বোলার নই যে পিএসএল ৮ খেলেছিল আর চোটে পড়েছিল।

এর চেয়েও ভালো বোলার হবো।’
২০২৩ পিএসএলে ঘণ্টায় ১৫০ কি.মির গতিতে বোলিং করে আলোচনায় আসেন ইহসান। আব্বাস আফ্রিদির (২৩) পর মুলতান সুলতানসের হয়ে ২২ উইকেট নিয়ে টুর্নামেন্টের দ্বিতীয় সর্বোচ্চ উইকেটশিকারিও ছিলেন। অবিশ্বাস্য এই পারফরম্যান্সে জাতীয় দলেও জায়গা করে নেন তিনি। জাতীয় দলের হয়ে মোটে ৫ ম্যাচ খেলা পেসার পরে কনুইয়ের চোটে পড়েন। পরে তার ভুল সার্জারি করা হয়েছে বলেও এমনটা শোনা যায়। সে সবকে পেছনে ফেলে আবারো ক্রিকেটে ফিরলেও এবার তাকে নিতে কোনো দলই আগ্রহ দেখায়নি। এই অভিমানেই তাই পিএসএলকে বয়কট করেছেন তিনি।

সূত্র: কালের কন্ঠ

মামলায় আটকে হকি লিগ

হকি ফেডারেশনের নতুন অ্যাডহক কমিটি বিজয় দিবস টুর্নামেন্ট করেছে। সামনে মেয়েদের হকি করতে যাচ্ছে তারা। এরপর শহীদ স্মৃতি হকি হবে। কিন্তু হকির মূল যে আসর, সেই লিগ নিয়ে ভাবতে গিয়ে থমকে যেতে হচ্ছে তাদের।

কারণ জানতে ফিরে যেতে হবে সেই ২০২৩ সালে হওয়া নির্বাচনে, যে নির্বাচনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জিতে দ্বিতীয়বারের মতো কমিটি গঠন করেছিলেন এ কে এম মমিনুল হক সাঈদ। তিনি ৫ আগস্ট-পরবর্তী সময়ে নিরুদ্দেশ হয়েছেন এবং এরই মধ্যে তাঁর সেই কমিটি ভেঙে অ্যাডহক কমিটিও গড়া হয়েছে।

কিন্তু সেই নির্বাচনেই দুটি ক্লাবের কাউন্সিলরশিপ নিয়ে করা মামলায় এখন প্রথম বিভাগ লিগ করতে গিয়ে আটকে যেতে হচ্ছে বর্তমান কমিটিকে। ‘প্রথম বিভাগের দুটি ক্লাব হকি ঢাকা ইউনাইটেড ও কম্বাইন্ড স্পোর্টিং নিয়ে আদালতে মামলা থাকায় লিগের কার্যক্রম এখনো আমরা শুরু করতে পারছি না।

ফেডারেশনের সঙ্গে জাতীয় ক্রীড়া পরিষদও মামলার বাদী। আমরা ক্রীড়া পরিষদকে অনুরোধ করেছি ওই দুই ক্লাবের মালিকানাসংক্রান্ত বিষয়টি যত দ্রুত সম্ভব সমাধান করে দেওয়ার জন্য’, বলেছেন বর্তমান সাধারণ সম্পাদক লে. কর্নেল (অব.) রিয়াজুল হাসান।
ওই দুটি ক্লাবেরই সভাপতি ছিলেন সাজেদ এ আদেল। তাঁর অভিযোগ ছিল, মমিনুল হক সাঈদ ভুয়া কমিটি দেখিয়ে ওই দুটি ক্লাবে তাঁর মনমতো কাউন্সিলর দেন।

ওই সময়েই সাজেদ নির্বাচন কমিশনকে এসংক্রান্ত অভিযোগ জানাতে গেলে সাঈদের লোকজন ক্রীড়া পরিষদ থেকে তাঁকে জোরপূর্বক বের করে দেন বলেও অভিযোগ করেছিলেন। নির্বাচনের প্রজ্ঞাপন জারি হলে সাজেদ মামলা করেন। আদালত নির্বাচন কেন অবৈধ হবে না জানিয়ে রুলও জারি করেছিলেন। সর্বশেষ গত নভেম্বরে ওই দুটি ক্লাবের নাম ব্যবহার করে লিগ আয়োজনের ওপরও ছয় মাসের নিষেধাজ্ঞা দিয়েছেন আদালত। ফেডারেশন আটকে গেছে সেখানেই।

সাজেদ বলেছেন, ‘দুটি ক্লাব আমার দুটি সন্তানের মতো। আমি আমার সেই দুটি সন্তানকে তো ফেরত চাইবই।’ এদিকে ফেডারেশন বা জাতীয় ক্রীড়া পরিষদ সাজেদের দাবি মেনে নিলে আগের কাউন্সিলরশিপ অবৈধ হয়ে যায়, সেই সঙ্গে নির্বাচনও। এই মুহূর্তে যদিও সেই নির্বাচিত কমিটির আর অস্তিত্ব নেই। এদিকে আবার প্রথম বিভাগ আটকে যাওয়ায় থমকে আছে প্রিমিয়ার লিগও।

সূত্র: কালের কন্ঠ

পেনাল্টি-লাল কার্ডের ফাইনালে রিয়ালকে বিধ্বস্ত করে চ্যাম্পিয়ন বার্সেলোনা

মরুর বুকে ফুলের সুবাস। সুপার কাপের এল ক্লাসিকোয় সেই সুবাস ছড়িয়ে বার্সেলোনাকে শিরোপা জেতালেন লামিনে ইয়ামাল-রাফিনিয়ারা। সৌদি আরবের মাঠে শ্রেষ্ঠত্বের মঞ্চে ৫-২ ব্যবধানে প্রতিপক্ষ রিয়াল মাদ্রিদকে বিধ্বস্ত করেছে বার্সা।

এতে নিজেদের রেকর্ডটা আরো সমৃদ্ধ করেছে বার্সেলোনা।

আগেই সর্বোচ্চ ১৪ বারের চ্যাম্পিয়ন বার্সা এবার নামের পাশে ১৫ সংখ্যা বসাল। বার্সার রেকর্ড বাড়ানোর শিরোপা কোচ হ্যান্সি ফ্লিকের অধীনে প্রথম।
কিং আব্দুল্লাহ স্পোর্টস সিটিতে শুরুতেই দুই দল আক্রমণের পসরা সাজাল। শুরুটা করেছিল বার্সেলোনা।

কিন্তু ফল ভোগ করে রিয়াল মাদ্রিদ। নির্দিষ্ট করে বললে কিলিয়ান এমবাপ্পে। বল নিয়ে যেভাবে নিজের ট্রেডমার্ক দৌড়ে প্রতিপক্ষের খেলোয়াড়দের বোকা বানিয়ে বল জালে জড়াতে অভ্যস্ত তিনি, আজ ঠিক তেমনটাই দেখা গেছে। পঞ্চম মিনিটে ভিনিসিয়ুস জুনিয়রের কাছ থেকে মাঝ মাঠে বল পেয়ে শুরু করলেন তার দৌড়।
প্রতিপক্ষের ডিফেন্ডার বালদেকে দুই পায়ের কারিকুরিতে কিছুটা

বক্সের বাইরে এসে এমবাপ্পেকে ফাউল করেন বার্সেলোনার গোলরক্ষক সিজনি। শুরুতে অবশ্য ফরাসি তারকাই ফাউল করেছে বলে হলুদ কার্ড দেখান রেফারি গিল মানজানো। এর প্রতিবাদ করলে ভিনিও হলুদ কার্ড দেখেন। তবে ভিএআরে সেই সিদ্ধান্ত বাতিল হয়ে যায়। এমবাপ্পে-ভিনির হলুদ কার্ড বাতিল করে রেফারি সিজনিকে লাল কার্ড দেখান। ওই ফাউলের ফ্রি কিক থেকে দারুণ এক শটে ব্যবধান ৫-২ করেন রদ্রিগো।

বাকি ৩৪ মিনিটসহ যোগ করা সময়ে ১০ জনের বার্সেলোনাকে পেয়ে বসার সুযোগ পেয়েও কাজে লাগাতে পারেনি রিয়াল। গোলশোধ দিতে মরিয়া হয়ে ওঠা কার্লো আনচেলত্তির দল ৯০ মিনিটে একটা সুযোগ পেয়েছিল। এমবাপ্পের দারুণ ব্যাকহিলে অবশ্য যথাসময়ে বলকে সঠিক পথ দেখাতে পারেননি জুড বেলিংহাম। যোগ করা সময়ের ষষ্ঠ মিনিটে নিজের দ্বিতীয় গোল পেয়েই যাচ্ছিলেন এমবাপ্পে। কিন্তু তার শটে বাধা হয়ে দাঁড়ান বদলি গোলরক্ষক ইনাকি পিনা। কর্নারের বিনিময়ে দলকে রক্ষা করেন। তার বীরত্বের পরেই রেফারি শেষ বাঁশি বাজিয়ে দেন। এতে করে টানা দ্বিতীয় ম্যাচে জয় নিয়ে মাঠ ছাড়ে বার্সা। সর্বশেষ এল ক্লাসিকোয় সান্তিয়াগো বার্নাব্যুতেই রিয়ালকে ৪-০ ব্যবধানে বিধ্বস্ত করেছিল বার্সা।

সূত্র: কালের কন্ঠ

চ্যাম্পিয়নস ট্রফির দল ঘোষণায় নিউজিল্যান্ডের অভিনবত্ব

দল ঘোষণা করতে সাধারণত কোচ কিংবা প্রধান নির্বাচকদের দেখা যায়। সংবাদ সম্মেলন করে স্কোয়াডের নামগুলো জানিয়ে দেন তারা। তবে দল ঘোষণায় এই পথে হাঁটেনি নিউজিল্যান্ড ক্রিকেট (এনজেডসি)।

অভিনবত্বে রেখে চ্যাম্পিয়নস ট্রফির দল ঘোষণা করেছে নিউজিল্যান্ড।

চমক দিয়ে সর্বশেষ ওয়ানডে বিশ্বকাপের দলও ঘোষণা করেছিল তারা। স্কোয়াডে সুযোগ পাওয়া ক্রিকেটারদের পরিবারের সদস্যদের দিয়ে নাম

ষোষণা করেছিল কিউইরা। এবার অবশ্য পরিবারের কোনো সদস্য নন, আইসিসির টুর্নামেন্টটিতে যিনি নেতৃত্ব দেবেন সেই মিচেল স্যান্টনার সতীর্থদের নাম ঘোষণা করেছেন।
সেটিও কোনো কক্ষে সংবাদ সম্মেলন ডেকে নয়, স্টেডিয়ামের ফাঁকা গ্যালারিতে বসে দল ঘোষণা করেছেন স্যান্টনার।

সতীর্থদের নাম বলার সময় বিশেষণও জুড়ে দিয়েছেন তিনি। যেমন মাইকেল ব্রেসওয়েলকে ‘বিস্ট’ আর লকি ফার্গুসনকে ‘থান্ডারবোল্ট’ বলে সম্বোধন করেছেন। এভাবে অন্যদের নামের পাশেও বিশেষণ যুক্ত করেছেন তিনি।
হাইব্রিড মডেলে পাকিস্তা-সংযুক্ত আরব আমিরাতে আগামী ফেব্রুয়ারি-মার্চে শুরু হতে যাওয়া টুর্নামেন্টের ১৫ সদস্যের স্কোয়াড অভিজ্ঞ ও তরুণদের নিয়েই সাজিয়েছে নিউজিল্যান্ড।

কেন উইলিয়ামসন-টম ল্যাথামদের সঙ্গে যেমন আছেন উইলিয়াম ও’রুর্ক ও ওয়ানডেতে অভিষেকের অপেক্ষায় থাকা পেসার বেন সিয়ার্স।
যে দল নিয়ে স্যান্টনার প্রথমবারের মতো বৈশ্বিক কোনো টুর্নামেন্টে কিউইদের হয়ে নেতৃত্ব দেবেন সেই দলটি পাকিস্তানে ত্রিদেশীয় সিরিজ খেলবে। ত্রিদেশীয় সিরিজের বাকি দল হচ্ছে দক্ষিণ আফ্রিকা। আগামী ৮ ফেব্রুয়ারি সিরিজের প্রথম ম্যাচে কিউইদের প্রতিপক্ষ স্বাগতিক পাকিস্তান।

চ্যাম্পিয়নস ট্রফিতে নিউজিল্যান্ডের দল-

মিচেল স্যান্টনার (অধিনায়ক), কেন উইলিয়ামসন, মাইকেল ব্রেসওয়েল, মার্ক চ্যাপম্যান, ডেভন কনওয়ে, ড্যারিল মিচেল, ম্যাট হেনরি, গ্লেন ফিলিপস, নাথান স্মিথ, রাচীন রবীন্দ্র, উইল ইয়ং, টম লাথাম, উইলিয়াম ও’রুর্ক, বেন সিয়ার্স, লকি ফার্গুসন।

সূত্র: কালের কন্ঠ

‘ফাইনালি একটা ম্যাচ জিতেছি’ তৃপ্ত জাকের

ঢাকা ক্যাপিটালসের মতোই বাজে অবস্থা চলছিল সিলেট স্ট্রাইকার্সের। হারের বৃত্তে বন্দি ছিল দলটি। দু’দলের প্রথম দেখায় তাই একটা দল হারের বৃত্ত ভাঙবে সেটাই ছিল অনুমেয়। হয়েছেই তাই। ঢাকা ক্যাপিটালসের দেওয়া ১৯৪ রান তাড়া করে চলতি বিপিএলে ঘরের মাঠে নিজেদের প্রথম জয় তুলে নিয়েছে সিলেট। এমন জয়ের পর ম্যাচসেরা জাকের হাসান জানালেও কতটা তৃপ্ত তিনি।

ঢাকা ক্যাপিটালসের বিপক্ষে ব্যাট হাতে ২৭ বলে ৫৮ রানের দুর্দান্ত ইনিংস খেলেন জাকির হাসান। দলকে দেখিয়ে গেছেন জয়ের পথ। যে পথ অনুসরণ করে পরবর্তীতে নিজেদের প্রথম জয় পেয়েছে সিলেট। ম্যাচ শেষে তাই তৃপ্তির ঢেকুর তুলেছেন জাকের।

ম্যাচ শেষে সংবাদ সম্মেলনে জাকির জানালেন, ‘উইকেট ভালো ছিল। তো আমার কাছে মনে হয়েছে যে এখানে জোনে পড়লে মারা যাবে। আমি ওইভাবেই পরিকল্পনা করার চেষ্টা করেছি। প্রথম ইনিংসে যেহেতু ওরা ব্যাটিং করেছে। উইকেটটি দেখে নেয়ার চেষ্টা করেছিলাম। আর আমার যেগুলো জোনে পেয়েছি ওগুলো চেষ্টা করেছি হিট করার।’

চতুর্থ ম্যাচে এসে প্রথম জয় কতটা স্বস্তির সেটা জানিয়ে জাকের বলেন, ‘অনেক বেশি স্বস্তিদায়ক, কারণ দল আশা করছিল যে আমরা একটা ম্যাচ জিতব। ফাইনালি আমরা একটা ম্যাচ জিতেছি। সবচেয়ে বেশি যেটা বলব যে দর্শকরা অকল্পনীয় সমর্থন করেছে পুরো আসরজুড়ে। সবসময় ফুল প্যাকড দর্শক থাকছে। তো খুব উপভোগ করছি। আরও দুটি ম্যাচ বাকি আছে (ঘরের মাঠে), তো ওগুলো জিততে পারলে ভালো লাগবে।’

ম্যাচ জেতানো এই ইনিংসটি জাকির উৎসর্গ করেন সিলেটের দর্শকদের জন্য, ‘ওইভাবে উৎসর্গ করতে চাই না। করলে এখন আপাতত আমাদের ভক্তদের করতে চাই। ওরা আমাদের অনেক সমর্থন করছে, একটু আগে যা বললাম। তাই এই ফিফটি আমি দর্শকদের উৎসর্গ করতে চাই।’

সূত্র: যুগান্তর

সাকিব বোলিং পরীক্ষায় ফেল, বিষয়টা ‘ভেরি শকিং’

সাকিব আল হাসান এখন মনে মনে নিজেকে দুষতেই পারেন এই বলে, ‘কেন যে তখন কাউন্টির ওই ম্যাচ খেলতে গিয়েছিলাম!’ সে ম্যাচ খেলে ছোট একটা চোট নিয়ে এসেছিলেন, যা লুকিয়ে ভারতের বিপক্ষে চেন্নাই টেস্টে খেলে বিপাকেও পড়েছিলেন। এরপর জানা যায় তার বোলিংই নিষিদ্ধ হয়ে গেছে!

সে নিষেধাজ্ঞাই এখনও বয়ে বেড়াচ্ছেন তিনি। লন্ডনে একবার পরীক্ষা দিয়েছিলেন বোলিংয়ের সে পরীক্ষায় পাস করতে পারেননি। এরপর চেন্নাইতে আরও এক পরীক্ষা দিয়ে সেখানেও ফেল করেছেন সাকিব। যার ফলে তার চ্যাম্পিয়ন্স লিগ নিয়েও তৈরি হয়েছে ধোঁয়াশা

সাকিবের ক্রিকেট মাঠে ফেরা এমনিতেই আছে শঙ্কায়। ফ্যাসিস্ট আওয়ামী লীগ সরকারের এমপি হওয়ার ফলে জনরোষে পড়েছেন তিনি। যে কারণে ঘোষণা দিয়েও ঘরের মাঠে নিজের বিদায়ী টেস্টটা খেলতে পারেননি তিনি। এরপর থেকেই দলে ব্রাত্য হয়ে আছেন। তাকে ছাড়া দক্ষিণ আফ্রিকা, আফগানিস্তান আর ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে খেলেছে বাংলাদেশ।
চ্যাম্পিয়ন্স ট্রফিতে তাকে সে কারণেও পাওয়া নিয়ে আছে শঙ্কা। সাকিবের খেলা, না খেলা এখন তাই বিসিবির হাতে নেই, সেটা আকার ইঙ্গিতে বুঝিয়ে দিয়েছেন বিসিবি সভাপতি ফারুক আহমেদ। এরই মধ্যে খবর এল চেন্নাইতে তার বোলিং পরীক্ষায় ফেল করাটা।

বিষয়টা প্রধান নির্বাচক গাজী আশরাফ হোসেন লিপুর কাছে বেশ ধাক্কা হয়ে এসেছে। তিনি বলেন, ‘সাকিবের ব্যাপারে কোন নির্দেশনা আসেনি। প্রথম যে পরীক্ষা দিলেন, সেখানে তিনি উত্তীর্ণ হতে পারেননি, ভেরি শকিং। আমাকে নিশ্চিত হতে হবে, তিনি ব্যক্তি পর্যায়ে আবার একটা পরীক্ষায় অবতীর্ণ হয়েছেন কি না… এটা একটু খোঁজ নিয়ে জানতে হবে।’ বোলিং অ্যাকশন প্রশ্নবিদ্ধ হওয়াটা ক্রিকেট দুনিয়ায় বড় কিছু। তবে সাকিবের পরিপ্রেক্ষিতে তা ছোটই। বড় বাধা তো আসলে খেলার অনুমতি পাওয়াটাই। সেটার আঁচ মিলল লিপুর কথাতে।

তিনি বললেন, ‘এটা আসলে আমরা নির্বাচক মন্ডলীরা বোর্ডের কাছ থেকে জানতে চেয়েছি যে তিনি আমাদের এ প্রক্রিয়ার জন্য অ্যাভেইলঅ্যাবল আছেন কি না। সেটা এখনও আমরা উত্তর পুরোপুরি পাইনি। আংশিক একটা পেয়েছি।’
লিপু জানান, সাকিবের জন্য অপেক্ষা করবে নির্বাচক কমিটি। তিনি বলেন, ‘যেহেতু আবার শোনা যাচ্ছে একটা পরীক্ষায় তিনি অংশগ্রহণ করেছেন। সেটার জন্যও অপেক্ষা করতে হবে। প্রতিটি মিনিটই হয়তো গুরুত্বপূর্ণ, আশা করি এক-দুই দিনের মধ্যে পরিষ্কার হয়ে যাবে বিষয়গুলো।’

সূত্র: যুগান্তর

জাতীয় দলে তামিম ফিরবেন কিনা, জানা যাবে আজ

কদিন আগে রাগঢাক না রেখেই তামিম ইকবাল জানিয়েছিলেন, জাতীয় দলে ফিরছেন না। আচমকা অবসর নেওয়া এবং অবসর ইস্যুতে আগেও কয়েকবার নাটকের জন্ম দেওয়া তামিম কি আদৈৗ ফিরবেন? বহুল কাঙ্ক্ষিত উত্তরটি মিলতে পারে আজ। বুধবার সকালে ঢাকা থেকে সিলেটে এসেছেন প্রধান নির্বাচক গাজী আশরাফ লিপু।

চ্যাম্পিয়ন্স ট্রফিতে তামিম খেলবেন কি খেলবেন না, সেই সিদ্ধান্ত জানতে তার সঙ্গে বসবেন একটি পাঁচ তারকা হোটেলে। আগে থেকেই আছেন আরেক নির্বাচক হান্নান সরকার। অবসর ভেঙে বিশ্বকাপের আগে ফেরা তামিমকে আট জাতির চ্যাম্পিয়ন্স ট্রফিতে পাওয়া যাবে কিনা, আজই আসতে পারে সিদ্ধান্ত।

২০২৩ সালের জুলাইয়ে আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় বলেন তামিম। পরে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুরোধে ফেরেন ক্রিকেটে। তারপর দুটি ওয়ানডে খেললেও যাননি ওয়ানডে বিশ্বকাপ খেলতে। এরপর থেকেই জাতীয় দলের বাইরে আছেন তারকা এই ব্যাটার। টি-টোয়েন্টি ক্রিকেট থেকে আনুষ্ঠানিক অবসর নিলেও এখনও টেস্ট ও ওয়ানডে ক্রিকেটের সঙ্গে আছেন তামিম। তবে তার সিদ্ধান্ত জানতেই সিলেটে

এখন বিসিবি নির্বাচকরা।

এ মাসের দ্বিতীয় সপ্তাহর মাঝেই আইসিসিকে জানাতে হবে চ্যাম্পিয়ন্স ট্রফির দল। বিসিবি সূত্রের খবর, তামিমের পাশাপাশি সাকিব আল হাসানকেও চায় টিম ম্যানেজমেন্ট।

সূত্র: যুগান্তর

ঝিনাইদহে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

ঝিনাইদহে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে। বুধবার সকালে শহরের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টোডিয়ামে এ টুর্নামেন্টের উদ্বোধন করা হয়।

শুরুতে জাতীয় সংগীতের মাধ্যমে জাতীয় পতাকা ও ক্রীড়া পতাকা উত্তোলন করা হয়। পরে বেলুন উড়িয়ে টুর্নামেন্টের উদ্বোধন করা হয়। পরে আলোচনা সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আনন্দ কিশোর সাহা’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার মোহাম্মদ মনজুর মোরশেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মদ সাইফুর রহমান, সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী।

উদ্বোধনী ম্যাচে বালিকা দলে মুখোমুখি হয় কোটচাঁদপুরের বলরামপুর মুরুটিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ও লেবুতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়। আর বালক দলে প্রতিদ্বন্দ্বীতা করে সদর উপজেলার বড় কামাড়কুন্ডু সরকারি প্রাথমিক বিদ্যালয় ও কোটচাঁদপুরের বলুহর সরকারি প্রাথমিক বিদ্যালয়। দিনভর খেলা উপভোগ করেন বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা।

আয়োজকরা জানায়, বুধবার থেকে শুরু হওয়া এ টুর্নামেন্টের ফাইনাল